

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, অক্টোবর ২৪, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সীমান্ত অধিশাখা-১
প্রজ্ঞাপন

তারিখ: ৪ কার্তিক, ১৪২৩ বঙ্গাব্দ/১৯ অক্টোবর, ২০১৬ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৩১৭-আইন/২০১৬।—বর্ডার গার্ড বাংলাদেশ আইন, ২০১০ (২০১০ সনের ৬৩ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ৬৯ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। শিরোনাম ও প্রবর্তন।—(১) এই বিধিমালা বর্ডার গার্ড বাংলাদেশ (গার্ড পুলিশ) বিধিমালা, ২০১৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) 'কর্মকর্তা' অর্থ আইনের ধারা ৬ এর উপ-ধারা (১) এর দফা (ক) এ উল্লিখিত কোন কর্মকর্তা;

(খ) 'গার্ড পুলিশ' অর্থ আইনের ধারা ৬৯ এর অধীন নিয়োগপ্রাপ্ত কোন গার্ড পুলিশ;

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। গার্ড পুলিশ নিয়োগ।—(১) মহাপরিচালক বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা, যিনি পরিচালক পদের নিম্নে নহেন, নিয়মিত বর্ডার গার্ড বাহিনীর সদস্যগণের মধ্য হইতে গার্ড পুলিশ নিয়োগ করিতে পারিবেন।

(১৫৪২১)

মূল্য : টাকা ৪.০০

(২) বর্ডার গার্ড বাংলাদেশের সদর দপ্তর, রিজিয়ন, সেক্টর, প্রতিষ্ঠান বা ইউনিট পর্যায়ে কর্মকর্তা, জুনিয়র কর্মকর্তা, পদবিধারী বর্ডার গার্ড সদস্য ও সিপাহী পদের সদস্যগণের মধ্য হইতে ১৩৫০ সংখ্যক গার্ড পুলিশ নিয়োগ করা যাইবে।

৪। গার্ড পুলিশের নিয়ন্ত্রণ।—(১) গার্ড পুলিশের সদস্যগণ বর্ডার গার্ড বাংলাদেশের সদর দপ্তরে সদর বর্ডার গার্ড ব্যাটালিয়নের অধিনায়ক এবং রিজিয়ন, সেক্টর, প্রতিষ্ঠান বা ইউনিটে সংশ্লিষ্ট কমান্ডারের আদেশ ও নিয়ন্ত্রণে থাকিয়া দায়িত্ব ও কর্তব্য পালন করিবেন।

(২) শৃঙ্খলা বহির্ভূত কোন ঘটনা সংঘটিত হইলে গার্ড পুলিশ উহা সংশ্লিষ্ট রিজিয়ন, সেক্টর, প্রতিষ্ঠান বা ইউনিট কমান্ডারকে সংগে সংগে অবহিত করিবেন।

৫। পুলিশি কর্তব্য।—গার্ড পুলিশ বর্ডার গার্ড বাংলাদেশের নিয়ন্ত্রণাধীন এলাকায় নিম্নবর্ণিত পুলিশি কর্তব্য পালন করিবেন, যথা:—

- (ক) সাধারণ শৃঙ্খলা ও রাস্তার শৃঙ্খলা রক্ষা;
- (খ) অপরাধ নিয়ন্ত্রণ করা;
- (গ) বর্ডার গার্ড বাংলাদেশের সদর দপ্তর এবং সকল রিজিয়ন, সেক্টর, প্রতিষ্ঠান বা ইউনিটে বাহ্যিক নিরাপত্তা নিশ্চিত করা; এবং
- (ঘ) যানবাহন দূর্ঘটনা সংঘটিত হইলে তদন্ত করিয়া প্রতিবেদন দাখিল করা।

৬। গার্ড পুলিশের গ্রেফতারের ক্ষমতা।—গার্ড পুলিশের সদস্যগণ নিম্নবর্ণিত যে কোন কারণে যে কোন অধিভুক্ত ব্যক্তিকে গ্রেফতার করিতে পারিবেন, যথা :—

- (ক) মাদকদ্রব্য সেবন বা পান;
- (খ) নিষিদ্ধ এলাকায় গমন; এবং
- (গ) কলহ বা মারামারিতে লিপ্ত হওয়া।

৭। গার্ড পুলিশ কর্তৃক যানবাহন নিয়ন্ত্রণ।—গার্ড পুলিশ যানবাহন নিয়ন্ত্রণ সংক্রান্ত নিম্নবর্ণিত কর্তব্য পালন করিবেন, যথা :—

- (ক) গুরুত্বপূর্ণ ব্যক্তিগণের (ভিআইপি) প্রয়োজনীয় প্রটোকল প্রদান; এবং
- (খ) ট্রাফিক নিয়ন্ত্রণে সহায়তা প্রদান।

৮। গার্ড পুলিশের অন্যান্য দায়িত্ব।—গার্ড পুলিশের অন্যান্য দায়িত্ব হইবে নিম্নরূপ, যথা :—

- (ক) বর্ডার গার্ড বাংলাদেশের সদস্যগণ ও বেসামরিক ব্যক্তিগণের মধ্যে সহযোগিতা বৃদ্ধি করা; এবং
- (খ) পুলিশ ও অন্যান্য আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সহিত সহযোগিতা ও সমন্বয় বৃদ্ধি করা।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মোঃ মোজাম্মেল হক খান
সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd